নিটে নজরকাড়া সাফল্য

মুখ্যমন্ত্রীর হাত থেকে সংবর্ধনা পেল আরামবাগের অরিত্র

মহেশ্বর চক্রবর্তী

আরামবাগ: নিটে বাংলার দ্বিতীয়। সর্বভারতীয় ২৮৪-তম স্থান অর্জন করে আরামবাগের মুখ উজ্জ্বল করলো অরিত্র চক্রবর্তী। পাশাপাশি মুখ্যমন্ত্রীর সংবর্ধনায় দেখা গেল আরামবাগের অরিত্রকে। তার এই গর্বে উচ্ছ্বসিত গোটা এলাকা। নিট পরীক্ষায় অসাধারণ সাফল্য অর্জনকারী রাজ্যের ১০০ জন কৃতী ছাত্রছাত্রীকে সংবর্ধনা দিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এই ১০০ জনের মধ্যে স্থান করে নিয়েছেন আরামবাগের ডহরকুণ্ডু এলাকার মেধাবী ছাত্র অরিত্র চক্রবর্তী। ফলে তার এই সাফল্যে খুশির আবহ ছড়িয়ে পড়েছে গোটা আরামবাগ জুড়ে। পরিবারের পাশাপাশি শিক্ষক-শিক্ষিকা, আত্মীয়-স্বজন ও এলাকার মানুষ অরিত্রর এই কৃতিত্বে গর্বিত।জানা গিয়েছে, নিট পরীক্ষাকে ঘিরে বিভিন্ন বিতর্ক ও আন্দোলনের আবহে ইতিবাচক বার্তা দিতেই রাজ্যের সেরা ১০০ জন কৃতী পড়ুয়ার হাতে সংবর্ধনা তুলে দেয় রাজ্য সরকার। মঙ্গলবার ভবানী ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী তাঁদের হাতে ল্যাপটপ তুলে দেন এবং আগামী দিনের চিকিৎসক হিসেবে নিষ্ঠা ও মানবিকতার সঙ্গে মানুষের সেবায় আত্মনিয়োগ করার আহ্বান জানান। অরিত্র চক্রবর্তী ছোটবেলা থেকেই নিয়মিত পড়াশোনা, অধ্যবসায় এবং লক্ষ্যে অবিচল থাকার ফলেই এই সাফল্য এসেছে বলে মনে করছেন তাঁর শিক্ষকরা। অরিত্রর এই কৃতিত্বে এলাকার বহু ছাত্রছাত্রীও নতুন করে অনুপ্রাণিত হয়েছে।সংবর্ধনা অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে অরিত্রকে সেলফি তুলতেও দেখা যায়। সেই মুহূর্তের ছবি ইতিমধ্যেই সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়েছে এবং আরামবাগের মানুষ নিজেদের এলাকার এই কৃতী সন্তানকে অভিনন্দনে ভরিয়ে দিয়েছেন। অরিত্র জানায়, এই সাফল্যের কৃতীত্ব তিনি তাঁর বাবা-মা, শিক্ষক-শিক্ষিকা এবং শুভানুধ্যায়ীদের দিয়েছেন। নিয়মিত অধ্যবসায়, সময় মেনে পড়াশোনা এবং আত্মবিশ্বাসই তাঁকে এই জায়গায় পৌঁছে দিয়েছে। ভবিষ্যতে একজন দক্ষ ও মানবিক চিকিৎসক হয়ে সাধারণ মানুষের পাশে দাঁড়ানোই তাঁর জীবনের প্রধান লক্ষ্য। একই সঙ্গে তিনি আগামী প্রজন্মের পরীক্ষার্থীদের উদ্দেশে বলেন, পরিশ্রমের কোনও বিকল্প নেই। লক্ষ্য স্থির রেখে নিষ্ঠার সঙ্গে এগিয়ে গেলে সাফল্য একদিন অবশ্যই আসবে। অরিত্রর মা পুষ্পিতা চক্রবর্তীর বলেন, 'ছেলের এই অসাধারণ সাফল্যে তিনি অত্যন্ত আবেগাপ্লুত ও গর্বিত। ছোটবেলা থেকেই অরিত্র অত্যন্ত পরিশ্রমী এবং শৃঙ্খলাবদ্ধ।'

অটল পেনশন যোজনায় নাম নথিভুক্তকরণে দ্বিতীয় স্থানে মালদা

নিজস্ব প্রতিবেদন, মালদা: কেন্দ্রীয় সরকারের অটল পেনশন যোজনায় নাম নথিভুক্তকরণের ক্ষেত্রে বিহারের পর দ্বিতীয় স্থান পেল মালদা জেলা। বুধবার এবিষয়ে জেলা প্রশাসনিক ভবনে বিভিন্ন ব্যাংকের কর্মকর্তাদের নিয়ে একটি কর্মসূচির আয়োজন করে জেলা প্রশাসনের কর্তারা। ছিলেন বিজেপি বিধায়কেরাও। কেন্দ্র সরকারের এই প্রকল্পে মালদার স্থান দ্বিতীয় হওয়ার ক্ষেত্রেই খুশি প্রকাশ করেছে জেলা প্রশাসন কর্তারা। এদিন জেলা প্রশাসনিক ভবনে আয়োজিত এই অনুষ্ঠানে হাজির ছিলেন জেলাশাসক রাজেনবীর সিং কাপুর, ইংরেজবাজার বিধানসভার বিধায়ক অম্লান ভাদুড়ি-সহ অন্যান্য প্রশাসনিক আধিকারিকেরা।

জেলাশাসক রাজেনবীর সিং কাপুর জানিয়েছেন, অটল পেনশন যোজনায় নাম নথিভুক্তিতে মালদা জেলা গোটা দেশের মধ্যে দ্বিতীয় স্থান অর্জন করেছে। যা ভীষণ আনন্দের বিষয়। এই সাফল্যের পেছনে জেলাপ্রশাসনের পাশাপাশি বিভিন্ন ব্যাস্ক, ব্যাঙ্কিং করেসপন্ডেন্টদের বড়ো ভূমিকা রয়েছে। এদিনের অনুষ্ঠানে মালদার বিভিন্ন ব্যাঙ্কের কর্মী-আধিকারিকেরা অংশগ্রহণ করেন। তাদের মধ্যে অটল পেনশন যোজনায় নাম নথিভুক্তিতে সেরা ব্যাঙ্কগুলিকে পুরস্কার প্রদানের মাধ্যমে উৎসাহিত করেন। আগামীতেও এই সাফল্য বজায় রাখার আহবান জানান। অটল পেনশন যোজনার দেশের মধ্যে নাম নথিভুক্ত করনের ক্ষেত্রে প্রথম রয়েছে বিহার। দ্বিতীয় পশ্চিমবঙ্গের মালদা জেলা। এখনো পর্যন্ত কুড়ি হাজার উপভোক্তা নাম নথিভুক্তকরণ হয়েছে এই পেনশন পাওয়ার ক্ষেত্রে। জেলা প্রশাসন সূত্রে এমনটাই জানানো হয়েছে। প্রশাসনের একটি সূত্র থেকে জানা গিয়েছে, এই প্রকল্প সম্পর্কে বহু মানুষের অজানা রয়েছে। পাশাপাশি এটি প্রতিবছর সরকারি নিয়ম মেনে চালাতে হয়। সেক্ষেত্রেই অনেকের অনীহার জন্য এই প্রকল্পের নাম নথিভুক্তকরণ করা যায় না। ইংরেজবাজারের বিজেপি বিধায়ক অম্লান ভাদুড়ি বলেন, ভালো কাজের স্বীকৃতি স্বরূপ আজ কয়েকটি ব্যাঙ্ককে উৎসাহিত করা হচ্ছে। যাতে ভবিষ্যতেও তারা ভারত সরকারের অটল পেনশন যোজনার মতো গুরুত্বপূর্ণ সামাজিক সুরক্ষার কাজ এইভাবেই চালিয়ে যেতে পারেন।

সালানপুরে অভিযানে বাজেয়াপ্ত অবৈধ বালিবোঝাই ট্রাক্টর, ধৃত চালক

নিজস্ব প্রতিবেদন, আসানসোল: গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালিয়ে বালিবোঝাই একটি ট্রাক্টর বাজেয়াপ্ত করল রূপনারায়ণপুর ফাঁড়ির পুলিশ। এই ঘটনায় গ্রেপ্তার করা হয়েছে ওই ট্রাক্টরের চালককে। ধৃতের নাম উমেশ সোরেন। পুলিশ সূত্রে জানা গিয়েছে, বুধবার ভোররাত আনুমানিক ৪টে নাগাদ রূপনারায়ণপুর ফাঁড়ির পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে জিৎপুর এলাকায় অভিযান চালায়। সেই সময় একটি বালিবোঝাই ট্রাক্টর আটক করে পুলিশকর্মীরা। ট্রাক্টরের চালককে বালি পরিবহনের বৈধ কাগজপত্র দেখাতে বলা হলে তিনি তা দেখাতে ব্যর্থ হন। এরপরই চালককে গ্রেপ্তার করার পাশাপাশি ট্রাক্টরটি বাজেয়াপ্ত করে পুলিশ। ধৃত উমেশ সোরেনকে আসানসোল আদালতে পেশ করা হয়।

নিদর্শ এ

গণঘোষণা

(ইনসলভেন্সি অ্যান্ড ব্যাংকরাপসি বোর্ড অফ ইন্ডিয়ার রেগুলেশন ৬ অধীনে
(ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস ফর কর্পোরেট পারসনস্) রেগুলেশনস, ২০১৬)

অলফ্লেক্স প্লাস্টিক এলএলপি এর ক্রেডিটরদের দৃষ্টি আকর্ষণের জন্য

প্রাসঙ্গিক বিবরণ		
১.	কর্পোরেট ডেটরের নাম	**অলফ্লেক্স প্লাস্টিক এলএলপি**
২.	কর্পোরেট ডেটরের অন্তর্ভুক্তির তারিখ	২৬/১২/২০১৪
৩.	কর্তৃপক্ষ যার অধীনে কর্পোরেট ডেটর অন্তর্ভুক্ত/নিবন্ধিত	রেজিস্ট্রার অফ কোম্পানিজ - কলকাতা I
৪.	কর্পোরেট ডেটরের লিমিটেড লায়াবিলিটি আইডেন্টিফিকেশন নং	AAD-1074
৫.	কর্পোরেট ডেটরের নিবন্ধিত অফিস এবং প্রধান অফিসের ঠিকানা (যদি থাকে)	**নিবন্ধিত অফিস:** ৭, ছাতাওয়ালা গলি, কলকাতা - ৭০০০১২, পশ্চিমবঙ্গ।
৬.	কর্পোরেট ডেটরের বিষয়ে ইনসলভেন্সি শুরুর তারিখ	২৩শে জুলাই, ২০২৬। (২৮শে জুলাই, ২০২৬ তারিখে রেজিস্ট্রির কাছ থেকে আদেশ পাওয়া গেছে)।
৭.	ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস বন্ধের আনুমানিক তারিখ	২৪শে জানুয়ারি, ২০২৭
৮.	ইন্টেরিম রেজোলিউশন প্রফেশনাল হিসাবে কাজ করা ইনসলভেন্সি প্রফেশনাল এর নাম এবং রেজিস্ট্রেশন নম্বর	হংসরাজ জরিয়া IBBI/IPA-002/IP-N00835/ 2019-202012663/
৯.	বোর্ডের কাছে রেজিস্টার্ড হিসাবে ইন্টেরিম রেজোলিউশন প্রফেশনাল এর ঠিকানা এবং ই-মেইল	**ঠিকানা:** ৩৬, অবিনাশ সান্যাল লেন, বেলেঘাটা, ফুলবাগান, পবনপুত্র হোটেলের কাছে, কলকাতা ৭০০০১০, পশ্চিমবঙ্গ। ইমেইল: hansrajjaria@gmail.com
১০.	ঠিকানা এবং ই-মেইল যা ইন্টেরিম রেজোলিউশন প্রফেশনাল এর সাথে চিঠিপত্রের জন্য ব্যবহার করা হবে	**ঠিকানা:** ৩৬, অবিনাশ সান্যাল লেন, বেলেঘাটা, ফুলবাগান, পবনপুত্র হোটেলের কাছে, কলকাতা ৭০০০১০, পশ্চিমবঙ্গ। ইমেইল: allflexplasticllp.cirp@gmail.com
১১.	দাবি জমা দেওয়ার শেষ তারিখ	১১ই আগস্ট, ২০২৬
১২.	ইন্টেরিম রেজোলিউশন প্রফেশনাল দ্বারা নিশ্চিত করা ক্রেডিটরের শ্রেণী, যদি কিছু থাকে, সেকশন ২১-এর সাব-সেকশন (৬এ) এর ক্লজ (বি) অধীনে	প্রযোজ্য নয়
১৩.	একটি শ্রেণীতে কাজ করার জন্য চিহ্নিত করা অনুমোদিত ক্রেডিটরের প্রতিনিধি হিসাবে ইনসলভেন্সি প্রফেশনাল এর নাম (প্রতিটি শ্রেণীর জন্য তিনটি নাম)	প্রযোজ্য নয়
১৪.	(ক) প্রাসঙ্গিক ফর্ম এবং (খ) অনুমোদিত প্রতিনিধিদের বিবরণ এখানে উপলব্ধ:	**ওয়েবলিঙ্ক:** https://ibbi.gov.in/home/downloads ফিজিক্যাল ঠিকানা: ৩৬, অবিনাশ সান্যাল লেন, বেলেঘাটা, ফুলবাগান, পবনপুত্র হোটেলের কাছে, কলকাতা - ৭০০০১০, পশ্চিমবঙ্গ।

এতদ্বারা বিজ্ঞপ্তি দিয়ে বলা হচ্ছে যে ন্যাশনাল কোম্পানি ল' ট্রাইবুনাল, কলকাতা বেঞ্চ অলফ্লেক্স প্লাস্টিক এলএলপি এর ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস শুরু করার নির্দেশ দিয়েছে ২৩শে জুলাই, ২০২৬ তারিখে। **(২৮শে জুলাই, ২০২৬ তারিখে রেজিস্ট্রির কাছ থেকে আদেশ পাওয়া গেছে)।**
অলফ্লেক্স প্লাস্টিক এলএলপি এর ক্রেডিটরদের ১১ই আগস্ট, ২০২৬ তারিখে বা তার আগে এন্ট্রি নং ১০ এ উল্লিখিত ঠিকানায় ইন্টেরিম রেজোলিউশন প্রফেশনাল এর কাছে প্রমাণসহ তাদের দাবি জমা দিতে বলা হয়েছে।
ফিনান্সিয়াল ক্রেডিটররা কেবল বৈদ্যুতিন উপায়ে প্রমাণসহ তাদের দাবি জমা দেবেন। অন্যান্য সমস্ত ক্রেডিটররা ব্যক্তিগতভাবে, পোস্টের মাধ্যমে বা বৈদ্যুতিন উপায়ে প্রমাণসহ দাবিগুলি জমা দিতে পারেন।
এন্ট্রি নং ১২-তে তালিকাভুক্ত একটি শ্রেণিতে অবস্থান করা একজন ফিনান্সিয়াল ক্রেডিটর, তাঁর পছন্দমতো অনুমোদিত আধিকারিকের ইঙ্গিত দেবেন, এন্ট্রি নং ১৩-তে উল্লিখিত তিনজন ইনসলভেন্সি প্রফেশনালের মধ্যে থেকে, নিদর্শ সিএ-তে শ্রেণির [নির্দিষ্ট শ্রেণী] অনুমোদিত প্রতিনিধি হিসেবে কাজ করার জন্য। - প্রযোজ্য নয়।
দাবির মিথ্যা বা বিভ্রান্তিকর প্রমাণ জমা দেওয়ার ফলে জরিমানা করা হবে।

স্বা/-
হংসরাজ জারিয়া
ইন্টেরিম রেজোলিউশন প্রফেশনাল
অলফ্লেক্স প্লাস্টিক এলএলপি
IBBI/IPA-002/IP-N00835/2019-2020/12663
AFA নং: AA2/12663/02/300627/204411 | ৩০.০৬.২০২৭ পর্যন্ত বৈধ

তারিখ: ৩০.০৭.২০২৬
স্থান: কলকাতা

ধনেখালির বিধায়কের ঘনিষ্ঠ প্রধান-সহ ধৃত দুই তৃণমূল কর্মী

নিজস্ব প্রতিবেদন, হুগলি: তৃতীয় দায়রা আদালতের বিচারক কৌস্তভ মুখোপাধ্যায় সাত অভিযুক্তকে দোষী সাব্যস্ত করেন। সাত বছর আগের নৃশংস হত্যাকাণ্ড। গুলি করে খুন করা হয়েছিল ব্যান্ডেলের তৃণমূল নেতা দিলীপ রামকে। সেই হত্যা মামলায় দোষী সাব্যস্ত সাতজনকে যাবজ্জীবন কারাদণ্ড দিল চুঁচুড়া আদালত। তাঁদের সাজা ঘোষণা হয়। দোষী সাব্যস্তরা হলেন মহম্মদ নাসিম (গুড্ডু), সাদ্দাম হোসেন, মঙ্গল যাদব, বৈজনাথ রায় (হেডেক), মহম্মদ আকবর, মহম্মদ সানু ও মহম্মদ মানু। এই সাতজনেরই যাবজ্জীবন সশ্রম কারদণ্ডের সঙ্গে আর্থিক জরিমানার নির্দেশ দিয়েছে আদালত। সাতজনই এতদিন জেল হেপাজতে ছিল। ২০১৯ সালের ২৯ জুন ব্যান্ডেল স্টেশনের পাঁচ নম্বর প্লাটফর্মে ওঠার সময় তৃণমূল নেতা দিলীপ রামকে পয়েন্ট ব্ল্যাঙ্ক রেঞ্জ থেকে গুলি করে খুন করেছিল দুষ্কৃতীরা। সেই সময় দিলীপের স্ত্রী রিতু সিং ব্যান্ডেল গ্রাম পঞ্চায়েতের প্রধান ছিলেন। তাঁর অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে পুলিশ। মামলায় সরকার পক্ষের আইনজীবী শঙ্কর গঙ্গোপাধ্যায় জানান, নব্বই দিনের মধ্যে চার্জশিট জমা দেন তদন্তকারী অফিসার প্রদীপ দাঁ। মোট ৩৯ জনের সাক্ষ্য গ্রহণ করা হয়। দুষ্কৃতীরা ষড়যন্ত্র করে দিলীপকে খুন করেছিল, এটা আদালতে প্রমাণ করা গিয়েছে। মামলায় চার জন প্রত্যক্ষদর্শীর বয়ান আর যে গুলি চালিয়েছিল, তার কাছ থেকে উদ্ধার হওয়া আগ্নেয়াস্ত্রের সঙ্গে দিলীপের মাথার ভিতর থাকা গুলি মিলে যাওয়া প্রমাণ হিসাবে বিবেচিত হয়।

গুরু পূর্ণিমা উপলক্ষে আর্ট অফ লিভিং বীরভূমের উদ্যোগে সিউড়ি বাস স্ট্যান্ড চত্বরে লাড্ডু বিতরণ।

বিদ্যাসাগরের ১৩৫তম প্রয়াণ দিবস পালন

নিজস্ব প্রতিবেদন, চন্দ্রকোনা: বুধবার পশ্চিম মেদিনীপুর বাংলা গদ্য সাহিত্যের জনক বর্ণপরিচয় এর স্রষ্টা পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ১৩৫তম প্রয়াণ দিবস উপলক্ষে চন্দ্রকোনায় স্বামী বিবেকানন্দ সেবা সংঘের উদ্যোগে তাঁর আবক্ষ মূর্তিতে মাল্যদান ও শ্রদ্ধার্ঘ নিবেদনের মাধ্যমে দিনটি যথাযথ মর্যাদায় পালন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চন্দ্রকোনা বিধানসভার বিধায়ক সুকান্ত দোলুই, স্বামী বিবেকানন্দ সেবা সংঘের সভাপতি তথা আইনজীবী সমীর কুমার ঘোষ সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ। এই উপলক্ষে বিধায়ক সুকান্ত দোলুই তার বক্তব্যে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সমাজ সংস্কার, নারী শিক্ষার প্রসার, বিধবা বিবাহ আন্দোলন এবং মানবকল্যাণে তার অসামান্য অবদানের কথা স্মরণ করেন। বিধায়ক বলেন, 'বিদ্যাসাগরের আদর্শ আজও সমাজকে সঠিক পথ দেখায় এবং আগামী প্রজন্মের কাছে তার জীবন ও কর্ম তুলে ধরার অত্যন্ত জরুরি।' স্বামী বিবেকানন্দ সেবা সংঘের সভাপতি সমীর কুমার ঘোষ জানান, 'বর্তমান সময়ে বাল্যবিবাহ একটি ভয়াবহ সামাজিক ব্যাধি ও জ্বলন্ত অভিশাপে পরিণত হয়েছে। সমাজ সংস্কারক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর উনবিংশ শতাব্দীতে বাল্যবিবাহের বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলেছিলেন। তার সেই আদর্শকে সামনে রেখেই আজকের সমাজে বাল্যবিবাহ নির্মূলের লক্ষ্যে এলাকায় জনসচেতনতা বৃদ্ধি এবং আইনি সচেতনতা শিবিরের আয়োজন করছি।'

NETAJI TEACHERS' TRAINING INSTITUTE
B.Ed & D.El.Ed (Composite Unit)
Recognised by N.C.T.E. & Affiliated to BSAEU & WBBPE
Vill-Kamla, P.O.-Baliara, P.S-Onda, Dist-Bankura

Require Principal & Assistant Professor for B.Ed. Course of following subject- Physical Science(Physics-1, Chemistry-1), Bengali, English, Hindi, Sanskrit, Santhali, Performing Arts, Math., History, Geography. Education. Qualification as per NCTE Norms. Send your full Resume with all testimonial documents on the Mail ID- (ntti_bankura2014@rediffmail.com) within 2(two) days of the advertisement. For any information Please Contact- 9932890259.

PALASPAI RAJA RAMMOHAN COLLEGE OF EDUCATION
(B.Ed. & D.El.Ed.)
Recognised by N.C.T.E. & Affiliated to B.S.A.E.U. & W.B.B.P.E.
HAYATPUR, CHAK HAYATPUR, KHANAKUL, HOOGHLY, 712416

REQUIRED Principal & Assistant Professor for B.Ed. following subject: History, Geography, English, Bengali, Education, Foundations, Math., Chemistry, Physics, Health and Physical Education, Music, Performing Art. Qualification as per NCTE norms. Interested candidates are requested to send their CV with all testimonials, including Aadhaar Card, PAN and Colour photo mentioning post applied for within 02 days through Email: **palaspairrmbedcollege@gmail.com** Sd/ Secretary

RAMAKRISHNA VEDANTA MISSION TEACHERS' ACADEMY
CHANDIPUR : PIRPUR : HOWRAH
Recognised by NCTE Affiliated to BSEAU
RECRUITMENT NOTICE

Application are invited from deserving candidates for B.Ed. Course as per NCTE Norms for post of Education (01).
Apply with C.V. and scan copy of all Marksheet, Passport Photo and Aadhaar Card through Email:- **rvmta.chandipur@gmail.com** within 3 days. Contact for more details:- 9434119041. President.

ওয়াক-ইন-ইন্টারভিউ
বি.আর. সিং হাসপাতাল, শিয়ালদহে স্পেশালিস্ট কন্ট্রাকচুয়াল মেডিক্যাল প্র্যাকটিশনার নিয়োগ

বিজ্ঞপ্তি

বি. আর. সিং হাসপাতাল, পূর্ব রেলওয়ে, শিয়ালদহের গাইনোকলজি ও অবস্টেট্রিক্স বিভাগে একজন **পূর্ণ সময়ের স্পেশালিস্ট কন্ট্রাকচুয়াল মেডিক্যাল প্র্যাকটিশনার** নিয়োগের জন্য **০৬.০৮.২০২৬ তারিখ দুপুর ১২টায় মেডিক্যাল ডিরেক্টর, বি. আর. সিং হাসপাতাল, শিয়ালদহ-এর কার্যালয়ে ওয়াক-ইন-ইন্টারভিউ** অনুষ্ঠিত হবে। বিস্তারিত তথ্যের জন্য ওয়েবসাইট ঃ **er.indianrailways.gov.in** দেখুন।

মেডিক্যাল ডিরেক্টর, বি. আর. সিং হাসপাতাল, শিয়ালদহ

পূর্ব রেলওয়ে

ইন্দ্রনীল সেনের আগাম জামিন বাতিল

নিজস্ব প্রতিবেদন, হুগলি: চুঁচুড়ার প্রথম দায়রা আদালত ইন্দ্রনীল সেনের আগাম জামিনের আবেদন বাতিল করে। তোলাবাজি ও ভয় দেখানো সংক্রান্ত মামলায় রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা চন্দননগরের প্রাক্তন বিধায়ক ইন্দ্রনীল সেনের আগাম জামিন বাতিল করল আদালত। সূত্রের খবর, চন্দননগর থানায় গত ৪ জুলাই চন্দননগর কর্পোরেশনের ঠিকাদার প্রদীপ দে অভিযোগ দায়ের করেন। ১০৭ নম্বর মামলায় তোলাবাজি, চিটিং, ভয় দেখিয়ে অন্যের টাকা আত্মসাৎ করার অভিযোগ আনা হয় ইন্দ্রনীল সেনের বিরুদ্ধে। এই মামলাতে আগেই গ্রেপ্তার করা হয়েছে চন্দননগর কর্পোরেশনের প্রাক্তন ডেপুটি মেয়র মুন্না আগারওয়ালকে। এদিন তাঁকে আদালতে পেশ করা হলে, তাঁর জামিনের আবেদন বাতিল হয়। হুগলি জেলা মুখ্য সরকারি আইনজীবী শঙ্কর গঙ্গোপাধ্যায় বলেন, 'তোলাবাজির অভিযোগে ডেপুটি মেয়র ও চিফ ইঞ্জিনিয়ার শৈবাল রায়কে আগেই গ্রেপ্তার করা হয়েছে। প্রাক্তন মন্ত্রী ইন্দ্রনীল সেনের আগাম জামিন বাতিল হওয়ায়, তাঁকে গ্রেপ্তার করতে আর কোনও বাধা রইল না পুলিশের।' ইন্দ্রনীল সেনের বিরুদ্ধে আরও অভিযোগ, চন্দননগর বিধানসভা উৎসবের নাম করে প্রভাবশালী মানুষের থেকে টাকা তুলে ব্যক্তিগত ভাবে আত্মসাৎ করেন তিনি।

দু'টি রেগুলেটেড মার্কেটের উদ্বোধন

নিজস্ব প্রতিবেদন, পশ্চিম মেদিনীপুর: বুধবার গোয়ালতোড় ও হুমগড়ে রেগুলেটেড মার্কেটের উদ্বোধন করে ক্ষতিগ্রস্ত ১৩ ব্যবসায়ীর হাতে নতুন দোকানঘরের চাবি তুলে দিলেন পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ। গোয়ালতোড় এবং হুমগড়ে কৃষি বিপণন ব্যবস্থাকে আরও শক্তিশালী ও আধুনিক করার লক্ষ্যে এদিন দুটি নতুন রেগুলেটেড মার্কেটের উদ্বোধন করে পঞ্চায়েত মন্ত্রী বলেন, 'এরফলে এলাকার কৃষক, ব্যবসায়ী ও সাধারণ মানুষের জন্য কৃষিপণ্য ক্রয়-বিক্রয়ের আরও উন্নত পরিকাঠামো গড়ে উঠবে।' অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষি বিপণন দপ্তরের সচিব, শালবনির বিধায়ক বিমান মাহাতো ও গড়বেতার বিধায়ক প্রদীপ লোধা-সহ কৃষি বিপণন দপ্তরের আধিকারিক, জনপ্রতিনিধি ও এলাকার বিশিষ্ট ব্যক্তিরা। অনুষ্ঠানে দিলীপ ঘোষ বলেন, 'রাজ্য সরকার কৃষকদের উৎপাদিত কৃষিপণ্যের ন্যায্য মূল্য নিশ্চিত করতে এবং বিপণন ব্যবস্থাকে আরও উন্নত করতে একাধিক পদক্ষেপ নিয়েছে।' আধুনিক বাজার পরিকাঠামো গড়ে তোলার মাধ্যমে কৃষক ও ব্যবসায়ীরা সরাসরি উপকৃত হবেন বলে তিনি উল্লেখ করেন।

কাঁকসায় বেসরকারি স্বাস্থ্য কেন্দ্রের উদ্বোধনে গলসির বিধায়ক

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: গত কয়েক মাস আগে রাজ্যে সরকারের পরিবর্তন হয়।তৃণমূল সরকার কে সরিয়ে রাজ্যে ক্ষমতায় আসে বিজেপি সরকার। রাজ্যে সরকার ক্ষমতায় আসার পর থেকেই স্বাস্থ্য পরিষেবার হাল ফেরানো হবে। উন্নত চিকিৎসা ব্যবস্থা করা হবে বলে দাবি করে সরকার। শহর অঞ্চলে সরকারি হাসপাতালের সাথে বেসরকারি হাসপাতালের পরিষেবা থাকলেও গ্রামাঞ্চলে উন্নত কোনো পরিষেবা পাওয়া যায় না। তাই গরিব মানুষদের ভরসা সরকারি স্বাস্থ্য কেন্দ্র। এতো দিন কাঁকসার ত্রিলোকচন্দ্র পুর গ্রাম সহ আশেপাশের মানুষরা অসুস্থ হলে যেতেন পানাগড় ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে। সেখানেই কাঁকসার বহু মানুষ চিকিৎসা করাতেন বিনামূল্যে। তবে এবার উন্নত মানের চিকিৎসা পেতে গেলে গুনতে হবে টাকা। কারণ কাঁকসার ত্রিলোকচন্দ্র পুর গ্রামে একটি বেসরকারি হাসপাতালের পক্ষ থেকে গড়ে তোলা হয়েছে স্বাস্থ্য কেন্দ্র। বুধবার মহাধুমধামে এই স্বাস্থ্য কেন্দ্র উদ্বোধন করা হয়।উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাসপাতালের কর্ণধার থেকে চিকিৎসক-সহ গলসির বিধায়ক রাজু পাত্র, দুর্গাপুর পূর্বের বিধায়ক চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায় ও এলাকার বিশিষ্ট জনেরা।

ধর্মতলায় সাংবাদিক নিগ্রহের বিরুদ্ধে প্রতিবাদে স্বপন বাউল

উপহারস্বরূপ পুরস্কার প্রাপ্ত শিল্পী ডক্টর স্বপন দত্ত বাউল গানে গানে বলেন, 'গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ সংবাদ মাধ্যমকে আমি ভালোবাসি তাই প্রতিবাদের ঝড়

নিজস্ব প্রতিবেদন, হুগলি: ছাত্র আন্দোলনের সময়ে কলকাতা ধর্মতলায় বিভিন্ন সংবাদ মাধ্যমের এক ঝাঁক সংবাদিককে মারধর অত্যাচার নিগ্রহ করা হয়। প্রায় নয় জন সাংবাদিক হাসপাতালে ভর্তি ছিলেন। ছাত্র আন্দোলনের সময়ে ধর্মতলায় সাংবাদিক নিগ্রহের বিরুদ্ধে প্রতিবাদী বাউল ডক্টর স্বপন দত্ত এবার জেলায় জেলায় প্রতিবাদ করছেন। দেখা গেল বাউলকে হুগলি জেলার শ্রীরামপুরে রেল স্টেশনে টিকিট কাউন্টারের সামনে বাউল গানে প্রতিবাদ করতে। রাষ্ট্রপতির প্রশংসিত সম্মানিত আশির্বাদ ধন্য তুলি। তাছাড়া সাংবাদিকবৃন্দ সংবাদমাধ্যমের এক গুরত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে। সংবাদমাধ্যমের কাজ হল খবর সংগ্রহ করা, সত্য মিথ্যা ঘটনা সবই তুলে ধরা। সেখানে দুষ্কৃতীরা যারা অসামাজিক কার্যকলাপ করে তারা নিজের দোষকে ঢাকতে সাংবাদিকদের উপর অত্যাচার করে মারধর করে নির্যাতন করে। ধর্মতলায় পরিকল্পিতভাবে একসঙ্গে অনেক সাংবাদিক কে মারধর করা হয়।' তিনি তাঁর বক্তব্যে আরও বলেন, 'প্রতিটি জেলায় সাংবাদিকদের এক ছাতার তলায় আসতে হবে। সংবাদ মাধ্যমের মধ্যে ভেদাভেদ করলে চলবে না। সকল সাংবাদিক বৃন্দরা একজোট হয়ে প্রতিবাদ করতে হবে। আর জনগণ ও সরকারকে সাংবাদিকদের বন্ধু ভাবতে হবে। সাংবাদিকদের নিরাপত্তা সুরক্ষা দিতে হবে। পুলিশ প্রশাসন আইন আদালত কঠোর না হলে। সাংবাদিক নিগ্রহের দোষীদের কঠিন থেকে কঠিনতর শাস্তি না দিলে সাংবাদিকদের রক্ষা করা যাবে না।' শ্রীরামপুরে আগত মানুষ সাংবাদিকদের রক্ষা করতে পূর্ব বর্ধমানের স্বপন দত্ত বাউলের এই পদক্ষেপকে কুর্নিশ জানিয়েছেন।

শালিমার ওয়্যারস ইন্ডাস্ট্রিজ লিমিটেড
CIN: L74140WB1996PLC081521
নিবন্ধিত কার্যালয়: ২৫, গণেশ চন্দ্র অ্যাভিনিউ, কলকাতা - ৭০০ ০১৩
টেলিফোন: ৯১-৩৩-২২৩৪৯৩০৮/০৯/১০, ফ্যাক্স: ৯১-৩৩-২২১১ ৬৮৮০
মেইল আইডি: secretarial@shalimarwires.com, **ওয়েবসাইট:** www.shalimarwires.com

অতিরিক্ত সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে কোম্পানির সদস্যদের একটি অতিরিক্ত সাধারণ সভা (ইজিএম) মঙ্গলবার, ২৫শে আগস্ট, ২০২৬ সকাল ১১.৩০ মিনিটে ভিডিও কনফারেন্সিং (ভিসি) / অন্যান্য অডিও ভিজ্যুয়াল মাধ্যম (ওএভিএম)-এর মাধ্যমে কোম্পানি আইন, ২০১৩ ('আইন')-এর সমস্ত প্রযোজ্য বিধানসমূহ এবং এই বিষয়ে ভারত সরকারের কর্পোরেট বিষয়ক মন্ত্রক (এমসিএ) এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি) কর্তৃক সময়ে সময়ে জারি করা সাধারণ পরিপত্রসমূহ মেনে অনুষ্ঠিত হবে।
ইজিএম-এর বিজ্ঞপ্তি শুধুমাত্র সেই সমস্ত সদস্যদের ইমেইলের মাধ্যমে পাঠানো হবে, যাদের মেইল আইডি কোম্পানি বা ডিপোজিটরি পার্টিসিপ্যান্টদের কাছে নিবন্ধিত আছে এবং এটি একই সাথে কোম্পানির ওয়েবসাইট www.shalimarwires.com এবং স্টক এক্সচেঞ্জ অর্থাৎ বিএসই লিমিটেড-এর ওয়েবসাইট www.bseindia.com-এ উপলব্ধ হবে যেখানে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত রয়েছে। ইজিএম-এর বিজ্ঞপ্তি ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল)-এর ওয়েবসাইট www.evoting.nsdl.com-এও উপলব্ধ হবে।
কোম্পানি কাট-অফ তারিখ, ১৮ই আগস্ট, ২০২৬ তারিখে শেয়ার ধারণকারী এর সকল সদস্যদের ইজিএম-এর বিজ্ঞপ্তিতে নির্ধারিত প্রস্তাবনার উপর তাদের ভোট দেওয়ার জন্য রিমোট ই-ভোটিং সুবিধা ('রিমোট ই-ভোটিং') প্রদান করছে। কোম্পানি ইজিএম চলাকালীনও ই-ভোটিং সুবিধা প্রদান করছে ('ই-ভোটিং')। ভিসি/ওএভিএম-এর মাধ্যমে ইজিএম চলাকালীন রিমোট ই-ভোটিং/ই-ভোটিং-এর বিস্তারিত পদ্ধতি ইজিএম-এর বিজ্ঞপ্তিতে প্রদান করা হয়েছে, যা শীঘ্রই আপনাকে পাঠানো হবে। ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল)-এর ওয়েবসাইট www.evoting.nsdl.com অ্যাক্সেস করার জন্য সদস্যদের ইজিএম-এর বিজ্ঞপ্তিতে প্রদত্ত নির্দেশাবলী অনুসরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে।
যে সকল সদস্য ফিজিক্যাল ফর্মে শেয়ার ধারণ করছেন বা যারা কোম্পানি/ডিপোজিটরিগুলোর কাছে তাদের মেইল আইডি নিবন্ধন করেননি বা কোনো ব্যক্তি যিনি কোম্পানির শেয়ার অর্জন করেছেন এবং কোম্পানির দ্বারা ইলেকট্রনিকভাবে ইজিএম-এর বিজ্ঞপ্তি পাঠানোর পর কোম্পানির সদস্য হয়েছেন এবং কাট-অফ তারিখ অর্থাৎ ১৮ই আগস্ট, ২০২৬ তারিখে শেয়ার ধারণ করেছেন, তারা contact@mdplcorporate.com-এ অনুরোধ পাঠিয়ে ব্যবহারকারী আইডি এবং পাসওয়ার্ড সংগ্রহ করতে পারেন। তবে, যদি কোনো সদস্য ইতিমধ্যেই রিমোট ই-ভোটিং এবং ইজিএম চলাকালীন ই-ভোটিং-এর জন্য মহেশ্বরী ডাটামেটিক্স প্রাইভেট লিমিটেড-এর কাছে নিবন্ধিত থাকেন, তবে ভোট দেওয়ার জন্য বিদ্যমান ব্যবহারকারী আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করা যেতে পারে।
যে সকল সদস্য তাদের মেইল আইডি নিবন্ধন করেননি এবং ডিম্যাট ফর্মে ইক্যুইটি শেয়ার ধারণ করছেন, তাদের নিজ নিজ ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট (ডিপি)-এর কাছে তাদের মেইল আইডি নিবন্ধন করার জন্য অনুরোধ করা হচ্ছে এবং ফিজিক্যাল ফর্মে ইক্যুইটি শেয়ার ধারণকারী সদস্যরা contact@mdplcorporate.com-এ অনুরোধ পাঠানোর মাধ্যমে কোম্পানির আরটিএ-এর কাছে তাদের আইডি নিবন্ধন করাতে পারেন। সদস্যদের নাম, ফোলিও নম্বর, শংসাপত্র নম্বর, প্যান, মোবাইল নম্বর এবং মেইল আইডি ইত্যাদির মতো বিবরণ প্রদান করার জন্য অনুরোধ করা হচ্ছে।
সদস্যদের ইজিএম-এ উপস্থিত হওয়ার নির্দেশাবলী, রিমোট ই-ভোটিং/ইজিএম চলাকালীন ভোটদানের মাধ্যমে ভোট দেওয়ার পদ্ধতি সহ ইজিএম-এর বিজ্ঞপ্তিতে নির্ধারিত সমস্ত নোট মনোযোগ সহকারে পড়ার জন্য অনুরোধ করা হচ্ছে। যেকোনো সহায়তার জন্য অনুগ্রহ করে কোম্পানির রেজিস্ট্রার/সচিবালয় বিভাগে লিখুন।

শালিমার ওয়্যারস ইন্ডাস্ট্রিজ লিমিটেড -এর পক্ষে
স্বাঃ/-
এস.কে. কেজরিওয়াল
কোম্পানি সেক্রেটারি
ACS 10031

স্থান: **কলকাতা**
তারিখ: **৩০শে জুলাই, ২০২৬**

আলফ্রেড হার্বার্ট (ইন্ডিয়া) লিমিটেড
CIN: 174999WB1919PLC003516
হেড অফিস: হার্বার্ট হাউজ, ১৩/৩ স্ট্র্যান্ড রোড, কলকাতা ৭০০০০১
টেলি: ০৩৩-২২২৬ ৮৬১৯/২২২৯ ৯১২৪
ই-মেইল: kolkata@alfredherbert.com
ওয়েবসাইট: www.alfredherbert.co.in

১০৬তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

আলফ্রেড হার্বার্ট (ইন্ডিয়া) লিমিটেড ("কোম্পানি")-এর ১০৬তম বার্ষিক সাধারণ সভা (এজিএম), কোম্পানির ১০৬তম এজিএম আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়াদি সম্পাদন করার জন্য, কোম্পানি আইন, ২০১৩-এর প্রযোজ্য বিধানসমূহ এবং এর অধীনে প্রণীত বিধিমালা, মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স ("এমসিএ") দ্বারা জারি করা ৮ই এপ্রিল, ২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ১৪/২০২০, ১৩ই এপ্রিল, ২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ১৭/২০২০, ৫ই মে ২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ২০/২০২০ এবং ২২শে সেপ্টেম্বর, ২০২৫ তারিখের জেনারেল সার্কুলার নং ০৩/২০২৫ সহ অন্যান্য প্রাসঙ্গিক সার্কুলার (সম্মিলিতভাবে "এমসিএ সার্কুলার" হিসাবে উল্লেখ করা হয়েছে), সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ ("সেবি লিস্টিং রেগুলেশনস") এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া দ্বারা জারি করা বিভিন্ন সার্কুলার (সম্মিলিতভাবে "সেবি সার্কুলার" হিসাবে উল্লেখ করা হয়েছে)-এর সাথে পঠিত বিধান অনুসারে, শুক্রবার, ২৮শে আগস্ট, ২০২৬ সকাল ১০:৩০ মিনিটে (আইএসটি) ভিডিও কনফারেন্স ("ভিসি")/অন্যান্য অডিও-ভিজ্যুয়াল মাধ্যম ("ওএভি-এম") -এর মাধ্যমে অনুষ্ঠিত হবে।
১০৬তম এজিএম আহ্বানের বিজ্ঞপ্তি এবং ২০২৫-২০২৬ আর্থিক বছরের জন্য কোম্পানির বার্ষিক প্রতিবেদন, যথাসময়ে সেইসব সদস্যদের পাঠানো হবে যাদের ই-মেইল আইডি কোম্পানি/কোম্পানির রেজিস্ট্রার এবং ট্রান্সফার এজেন্ট ("আরটিএ")/ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট(স)-এর কাছে নিবন্ধিত আছে। সেবি লিস্টিং রেগুলেশনস-এর রেগুলেশন ৩৬ অনুসারে, যে শেয়ারহোল্ডারদের ই-মেইল ঠিকানা কোম্পানি/আরটিএ/ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট(স)-এর কাছে নিবন্ধিত নেই, তাদের নিবন্ধিত ঠিকানায় ২০২৫-২৬ আর্থিক বছরের বার্ষিক প্রতিবেদনের ওয়েবলিংক সম্বলিত একটি চিঠি পাঠানো হবে। বার্ষিক প্রতিবেদন ২০২৫-২৬-এর ফিজিক্যাল কপি শুধুমাত্র সেই শেয়ারহোল্ডারদের পাঠানো হবে যারা বিশেষভাবে এর জন্য অনুরোধ করবেন, তবে, ই-মেইলের মাধ্যমে কোম্পানির যোগাযোগ গ্রহণের বিকল্প বেছে নিয়ে পরিবেশ সুরক্ষার প্রতি আমাদের প্রতিশ্রুতিকে সমর্থন করার জন্য আমরা শেয়ারহোল্ডারদের অনুরোধ করছি।
১০৬তম এজিএম আহ্বানের বিজ্ঞপ্তি এবং ২০২৫-২০২৬ আর্থিক বছরের বার্ষিক প্রতিবেদন যথাসময়ে কোম্পানির ওয়েবসাইট www.alfredherbert.co.in, স্টক এক্সচেঞ্জ অর্থাৎ বিএসই লিমিটেডের ওয়েবসাইট www.beeindia.com এবং সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল)-এর ওয়েবসাইট www.evntingindia.com-এ উপলব্ধ হবে।
সদস্যরা এজিএমের বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দেশাবলী অনুসরণ করে ভিসি/ওএভিএম সুবিধার মাধ্যমে এজিএমে অংশগ্রহণ করতে পারবেন। সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল) কোম্পানির ১০৬তম এজিএম-এর বিজ্ঞপ্তিতে নির্ধারিত সকল প্রস্তাবনার বিষয়ে ইলেকট্রনিকভাবে ভোট দেওয়ার জন্য সকল যোগ্য সদস্যদের এজিএম চলাকালীন রিমোট ই-ভোটিং সুবিধা এবং ই-ভোটিং সুবিধা প্রদান করবে। ই-ভোটিং মঙ্গলবার, ২৫শে আগস্ট, ২০২৬ সকাল ৯:০০ টা থেকে শুরু হবে এবং বৃহস্পতিবার, ২৭শে আগস্ট, ২০২৬ বিকাল ৫:০০ টায় শেষ হবে। এই সময়ের মধ্যে, কাট-অফ তারিখ ২১শে আগস্ট ২০২৬ তারিখে ফিজিক্যাল বা ডিম্যাটেরিয়ালাইজড ফর্মে শেয়ার ধারণকারী কোম্পানির সদস্যরা ইলেকট্রনিকভাবে তাদের ভোট দিতে পারবেন। যে সদস্যরা ইলেকট্রনিকভাবে তাদের ভোট দেননি এবং অন্যথায় ভোটদানে বাধাপ্রাপ্ত নন, তারা এজিএম চলাকালীন ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। কোম্পানি এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
যে সদস্যরা তাদের ই-মেইল ঠিকানা নিবন্ধন করেননি, তাদের যত তাড়াতাড়ি সম্ভব তা নিবন্ধন করার জন্য অনুরোধ করা হচ্ছে:
ক) তাদের ডিপোজিটরি পার্টিসিপ্যান্টস (ডিপি)-এর সাথে ডিম্যাট ফর্মে থাকা শেয়ারের ক্ষেত্রে।
খ) ফিজিক্যাল ফর্মে থাকা শেয়ারের ক্ষেত্রে কোম্পানির রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট অর্থাৎ মহেশ্বরী ডাটামেটিক্স প্রাইভেট লিমিটেড, ২৩, আর.এন. মুখার্জি রোড, ৫ম তলা, কলকাতা ৭০০ ০০১, টেলিফোন নং ০৩৩-২২৪৮ ২২৪৮, ২২৪৩ ৫০২৯, ই-মেইল: mdpldo@yahoo.com -কে লিখে।
পরিচালনা পর্ষদ ২৭শে মে, ২০২৬ তারিখে অনুষ্ঠিত তাদের সভায় ৩১শে মার্চ, ২০২৬ তরিখে সমাপ্ত আর্থিক বছরের জন্য প্রতিটি ১০ টাকা ফেস ভ্যালুর সম্পূর্ণ পরিশোধিত ইক্যুইটি শেয়ার প্রতি ২০ টাকা লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছে। এজিএম-এ ঘোষিত হলে, ইক্যুইটি শেয়ারে লভ্যাংশের জন্য যোগ্য সদস্যদের নাম নির্ধারণের রেকর্ড তারিখ হলো ২১শে আগস্ট, ২০২৬।
আয়কর আইন, ২০২৫ (আইন)-এর অধীনে প্রচলিত বিধান অনুযায়ী, কোম্পানি কর্তৃক প্রদত্ত বা বণ্টিত লভ্যাংশ সদস্যদের হাতে করযোগ্য। তাই কোম্পানিকে সদস্যদের লভ্যাংশ প্রদানের সময় নির্ধারিত হারে উৎসে কর (টিডিএস) কাটাতে হবে। এই বিষয়ে সমস্ত যোগাযোগ/জিজ্ঞাসা mapidc@@@yahoo.com-এ পাঠাতে হবে।
আইনের সংশ্লিষ্ট বিধানের অধীনে উৎসে কর কাটার উপযুক্ত করের হার নির্ধারণ করতে কোম্পানিকে সক্ষম করার জন্য সদস্যদের ২১শে আগস্ট, ২০২৬ তারিখে বা তার আগে mdpide@yahoo.com-এ তাদের জন্য প্রযোজ্য নথিপত্র প্রদান/জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। লভ্যাংশ উৎসে কর কাটার পর প্রদান করা হবে যা সংশ্লিষ্ট সদস্যদের দ্বারা প্রদত্ত এবং আইনের সাথে সম্পূর্ণ ও সন্তোষজনক বলে বিবেচিত নথিপত্রের ভিত্তিতে নির্ধারিত হবে।
ডিম্যাট ফর্মে শেয়ার ধারণকারী সদস্যদের তাদের সংশ্লিষ্ট ডিপি-তে তাদের কেওয়াইসি বিবরণ (ঠিকানা বা ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণে যেকোনো পরিবর্তন সহ) নিবন্ধন/আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে এবং ফিজিক্যাল ফর্মে শেয়ার ধারণকারী সদস্যদের বাধ্যতামূলকভাবে মহেশ্বরী ডাটামেটিক্স প্রাইভেট লিমিটেড, ২৩, আর.এন. মুখার্জি রোড, ৫ম তলা, কলকাতা ৭০০ ০০১, টেলিফোন নং ০৩৩-২২৪৮ ২২৪৮, ২২৪৩ ৫০২৯, ই-মেইল: mdpide@yahoo.com-এ যথাযথভাবে পূরণকৃত এবং স্বাক্ষরিত ফর্ম আইএসআর-১ জমা দেওয়ার মাধ্যমে তাদের কেওয়াইসি (ডাক ঠিকানা, ইমেইল ঠিকানা, পারমানেন্ট অ্যাকাউন্ট নম্বর (প্যান), ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ ইত্যাদি সহ) নিবন্ধন/আপডেট করতে হবে যাতে লভ্যাংশ প্রদান সহজতর হয় যা একচেটিয়াভাবে ইলেকট্রনিক মোডের মাধ্যমে প্রদান করা হবে।
ফর্ম আইএসআর-১ আরটিএ-এর ওয়েবসাইট mdpl.in/downloads.php -তে উপলব্ধ।

আলফ্রেড হার্বার্ট (ইন্ডিয়া) লিমিটেড -এর পক্ষে
স্বা/-
তৃপ্তি উপাধ্যায়
কোম্পানি সেক্রেটারি এবং চিফ ফিনান্সিয়াল অফিসার

স্থান: কলকাতা
তারিখ: ২৯ জুলাই, ২০২৬

Fabtech®
Technologies Ltd.

FABTECH TECHNOLOGIES LIMITED

Regd. Office: 715, Janki Centre, Off Veera Desai Road, Andheri West, Mumbai City, Mumbai, Maharashtra, India, 400053
Corporate Office: 1st Floor, ABR Emerald, Plot No. D8, Street 16, MIDC, Andheri East, Chakala, Mumbai, Maharashtra, India, 400093
Tel: +91 22 6554 0300 | **CIN:** L74999MH2018PLC316357
Website: www.fabtechnologies.com | **Email:** cs@fabtechnologies.com

INFORMATION REGARDING 08TH (EIGHTH) ANNUAL GENERAL MEETING

The 08th Annual General Meeting ("AGM") of the Members of **Fabtech Technologies Limited** will be held on Monday, August 24, 2026, at 2:00 PM (IST) through Video Conferencing ("VC") / Other Audio-Visual Means ("OAVM") pursuant to all the applicable provisions of the Companies Act, 2013 read with MCA General Circular No. 03/2025 dated September 22, 2025 issued by the Ministry of Corporate Affairs to transact the business as set out in the Notice of the AGM.

The Electronic copy of the Notice convening the 08th AGM, inter alia, containing the procedure and instructions for e-voting and the Annual Report for the Financial Year ("FY") 2025-26 will be sent, in due course, to those Members whose e-mail ID is registered with the Company / Registrar and Transfer Agent / Depository Participants. Further, a letter providing the web-link, including the exact path, where Annual Report for the FY 2025-26 is available, is being sent to those members whose e-mail address is not registered with the Company / Registrar and Transfer Agent / Depository Participants.

Record Date and Dividend: The Company has fixed Monday, August 17, 2026 as the 'Record Date' for determining the entitlement of the Members to receive final dividend for the FY 2025-26, subject to the approval of the shareholders in the AGM. The Final Dividend, if declared at the AGM, will be paid electronically to those Members whose bank account details are updated for receiving dividend through electronic modes.

Manner of Registering/Updating Email Addresses: Members who have not yet registered or updated their email addresses are requested to do so as follows:

- **For Demat Holders:** Contact your respective Depository Participant (DP).
- **For Physical Holders:** Please provide Folio No., Name of shareholder, scanned copy of the share certificate (front and back), PAN (self- attested scanned copy of PAN card), Aadhar Card (self- attested scanned copy of Aadhar Card) by email to **cs@fabtechnologies.com**

The Company will provide facilities to members to exercise their rights to vote by electronic means. The instruction for joining the 08th AGM through VC/ OAVM and the process for e-voting including the manner in which Members holding shares in physical form or who have not registered their e-mail address can cast their vote through e-voting, will form the part of the Notice of the 08th AGM.

Notice convening the 08th AGM and Annual Report for FY 2025-26 will be available on the websites of the Company at **www.fabtechnologies.com** and of the Stock Exchanges, i.e., **www.bseindia.com** and **www.nseindia.com** in due course.

For Fabtech Technologies Limited
Sd/-
Hemant Mohan Anavkar
Director
DIN: 00150776

Place: Mumbai
Date: July 30, 2026

MAHARASHTRA SCOOTERS
BAJAJ

Maharashtra Scooters Limited

CIN: L35912MH1975PLC018376
Registered Office : C/o Bajaj Auto Limited Complex, Mumbai - Pune Road, Akurdi, Pune - 411 035
Corporate Office : 6th Floor, Bajaj Finserv Corporate Office, Off Pune - Ahmednagar Road, Viman Nagar, Pune - 411 014
Website: www.mahascooters.com | **E-mail:** investors@msls.co.in | **Telephone:** +91 20 71576066

Extract of unaudited financial results for the quarter ended 30 June 2026

(₹ in Lakh)

	Particulars	**Quarter ended**		**Year ended**
		30.06.2026	**30.06.2025**	**31.03.2026**
		(Unaudited)	**(Unaudited)**	**(Audited)**
1	Revenue from operations	541	2927	31276
2	Profit before tax	455	2818	30899
3	Profit after tax	332	3536	31056
